रेलवे भर्ती बोर्ड / RAILWAY RECRUITMENT BOARDS
सीईएन - 04/2026 - जेई, डीएमएस, सीएमए - CEN - 04/2026 - JE, DMS, CMA

Test Date	28/10/2026
Test Time	4:30 PM - 6:00 PM
Subject / Exam Group	RRB JE DMS CMA CBT I

*** Note**
Correct Answer will carry 1 mark per Question.
Incorrect Answer will carry 1/3 Negative mark per Question.

1. Options shown in green color with a tick icon are correct.
2. Chosen option on the right of the question indicates the option selected by the candidate.

Section : **RRB JE DMS CMA CBT I**

Q.1 **3 টি প্রোটন এবং 4 টি নিউট্রন বিশিষ্ট মৌলটির প্রতীক কী?**

Ans
- ✗ 1. Be
- ✗ 2. C
- ✓ 3. Li
- ✗ 4. B

Q.2 **ত্রিকোণমিতি সূত্র ব্যবহার করে সরল করুন।**

$$\sin^2(\theta) + 2\sin(\theta)\cos(\theta) + \cos^2(\theta)$$

Ans
- ✗ 1. 2sin(θ)
- ✗ 2. 1 + cos(2θ)
- ✓ 3. 1 + sin(2θ)
- ✗ 4. $\sin^2(\theta)$

Q.3 **একজন শিক্ষার্থী দূরবর্তী বস্তু পদ্ধতি (distant object method) ব্যবহার করে একটি অবতল দর্পণের ফোকাস দৈর্ঘ্য পরিমাপ করে, কিন্তু স্ক্রিনটিকে সঠিক ফোকাস থেকে সামান্য দূরে রাখে। স্ক্রিনে গঠিত প্রতিবিম্বের উপর এর সবচেয়ে সম্ভাব্য প্রভাব কী?**

Ans
- ✗ 1. তীক্ষ্ণতা অপরিবর্তিত রেখে প্রতিবিম্বটি পার্শ্বীয়ভাবে স্থানান্তরিত হবে।
- ✓ 2. ফোকাসের বাইরে থাকার কারণে প্রতিবিম্বটি কিছুটা অস্পষ্ট দেখাবে।
- ✗ 3. প্রতিবিম্বটি আকারে বড় হবে কিন্তু নিখুঁত ফোকাস বজায় রাখবে।
- ✗ 4. প্রতিবিম্বটি ফোকাস-তলের তুলনায় অধিক তীক্ষ্ণ ও স্পষ্ট দেখাবে।

Q.4 **ইংরাজি বর্ণানুক্রম অনুসারে, প্রদত্ত ক্রমের প্রশ্নবোধক চিহ্নটির (?) স্থানে কী বসবে?**
UMP TLO SKN RJM ?

Ans
- ✓ 1. QIL
- ✗ 2. QIK
- ✗ 3. QJK
- ✗ 4. QJL

Q.5 ₹10,000 মূলধনকে বার্ষিক 12% চক্রবৃদ্ধি সুদের (মাসিক দেয়) হারে 3 মাসের জন্য বিনিয়োগ করা হলে, অর্জিত চক্রবৃদ্ধি সুদ এবং সরল সুদের মধ্যে পার্থক্য কত? (নিকটতম পূর্ণসংখ্যায় আসন্নমানে)

Ans
✗ 1. ₹30
✓ 2. ₹3
✗ 3. ₹12
✗ 4. ₹0

Q.6 একটি জেলার জনসংখ্যা 3,61,000 জন, যার মধ্যে 2,35,000 জন পুরুষ। যদি মোট জনসংখ্যার 15% শিক্ষিত হয় এবং পুরুষদের মধ্যে 15% শিক্ষিত হয়, তাহলে মহিলাদের মধ্যে শিক্ষিতের হার শতকরা কত?

Ans
✗ 1. 20%
✓ 2. 15%
✗ 3. 8%
✗ 4. 12%

Q.7 রণকৌশলের পরম্পরা এবং আখ্যান বর্ণনার শৈলীকে একত্রিত করে ছৌ নাচ প্রদর্শিত হয়। এটি মূলত নিচের কোন রাজ্যগুলোর সাথে যুক্ত?

Ans
✗ 1. পাঞ্জাব, হরিয়ানা এবং হিমাচল প্রদেশ
✓ 2. ওড়িশা, পশ্চিমবঙ্গ এবং ঝাড়খণ্ড
✗ 3. গুজরাট, রাজস্থান এবং মধ্যপ্রদেশ
✗ 4. কেরালা, কর্ণাটক এবং তামিলনাড়ু

Q.8 একটি বৃত্তের ব্যাসার্ধ $13\ \text{cm}$ এবং এর একটি জ্যা এর দৈর্ঘ্য $22\ \text{cm}$ হলে, কেন্দ্র থেকে জ্যাটির দূরত্ব নির্ণয় করুন। (ধরে নিন, $\sqrt{3}=1.7$)

Ans
✗ 1. 7.2 cm
✗ 2. 5.4 cm
✓ 3. 6.8 cm
✗ 4. 8.7 cm

Q.9 একটি নির্দিষ্ট অর্থরাশি বার্ষিক 20% চক্রবৃদ্ধি সুদের (বার্ষিক দেয়) হারে বিনিয়োগ করা হল। যদি কেবল দ্বিতীয় বছরে অর্জিত চক্রবৃদ্ধি সুদ ₹1,368 হয়, তবে বিনিয়োগকৃত অর্থরাশির পরিমাণ নির্ণয় করুন।

Ans
✗ 1. ₹5,865
✗ 2. ₹6,670
✗ 3. ₹4,825
✓ 4. ₹5,700

Q.10 প্রদত্ত ক্রমটি দেখুন এবং নিচের প্রশ্নের উত্তর দিন। কেবল বামদিক থেকে ডানদিকে গণনা করতে হবে। সকল সংখ্যা কেবল একক-অঙ্ক বিশিষ্ট।
(বামদিক) 4 Ω 2 & 8 * 1 @ 7 $ 3 % 5 £ 9 & 6 # 2 (ডানদিক)
এরকম কতগুলি চিহ্ন আছে, যার প্রত্যেকটির ঠিক আগে একটি বিজোড় সংখ্যা আছে কিন্তু ঠিক পরে কোনো বিজোড় সংখ্যা নেই?

Ans
✗ 1. একটিও নয়
✗ 2. দুইটি
✓ 3. একটি
✗ 4. তিনটি

Q.11 2 m দৈর্ঘ্য এবং $1\times10^{-6}\ \text{m}^2$ প্রস্থচ্ছেদের ক্ষেত্রফল বিশিষ্ট একটি তামার তারের রোধ 0.034Ω হলে, তামার রোধাঙ্ক কত?

Ans
✗ 1. $3.4\times10^{-8}\ \Omega\cdot\text{m}$
✗ 2. $1.07\times10^{-7}\ \Omega\cdot\text{m}$
✓ 3. $1.7\times10^{-8}\ \Omega\cdot\text{m}$
✗ 4. $6.8\times10^{-8}\ \Omega\cdot\text{m}$

blackbook

Q.12 একটি নির্দিষ্ট সাংকেতিক ভাষায়,
'pen book diary' কে লেখা হয় 'qt bx lm' হিসাবে,
'diary scale eraser' কে লেখা হয় 'np rw bx' হিসাবে এবং
'eraser pen marker' কে লেখা হয় 'gv lm np' হিসাবে।
(সকল সংকেত কেবল দু'টি বর্ণ বিশিষ্ট।)
এই সাংকেতিক ভাষায় 'marker' কে কীভাবে লেখা হয়?

Ans
✗ 1. rw
✗ 2. lm
✓ 3. gv
✗ 4. np

Q.13 একটি সংখ্যার 40% যদি 120 এর সাথে যোগ করা হয়, তবে যোগফলটি ওই একই সংখ্যা হয়। ওই সংখ্যাটির 60% কত?

Ans
✗ 1. 160
✗ 2. 140
✓ 3. 120
✗ 4. 100

Q.14 14 cm বাহু বিশিষ্ট একটি ঘনককে, প্রান্তগুলির মধ্যবিন্দু বরাবর 8টি ছোট সর্বসম ঘনকে কাটা হয়। এই 8টি ছোট ঘনকের সমগ্র তলের মোট ক্ষেত্রফল (cm^2 এ) নির্ণয় করুন।

Ans
✗ 1. 2312
✓ 2. 2352
✗ 3. 2342
✗ 4. 2388

Q.15 একটি টুপির মুদ্রিতমূল্যের উপর 15% এবং 12% এর দু'টি ক্রমিক ছাড় দেওয়া হয়। যদি টুপিটির মুদ্রিতমূল্য ₹500 হয়, তবে এর বিক্রয়মূল্য কত?

Ans
✗ 1. ₹395
✗ 2. ₹352
✗ 3. ₹410
✓ 4. ₹374

Q.16 একটি কারখানা আর্দ্র বায়ুর সংস্পর্শে থাকা লোহার পাইপের অপক্ষয় প্রতিরোধ করতে চায়। কোন পদ্ধতিটি গ্রহণ করা সবচেয়ে কার্যকর হবে?

Ans
✗ 1. লোহার পাইপের পরিবর্তে কপার পাইপ ব্যবহার করা।
✓ 2. বায়ু ও আর্দ্রতার সঙ্গে সরাসরি সংস্পর্শ প্রতিরোধ করতে লোহার পাইপগুলিতে জিঙ্কের প্রলেপ দেওয়া।
✗ 3. পাইপটিকে অধাতু-ভিত্তিক রঙ দিয়ে পেইন্ট করা।
✗ 4. জারণ প্রক্রিয়া ঘটতে দেওয়ার জন্য লোহার পাইপগুলিকে কোনো প্রলেপ ছাড়াই রেখে দেওয়া।

Q.17 নিচের কোনটি একটি যৌগের দ্বিপরমাণুক অণু?

Ans
✗ 1. Cl_2
✓ 2. HCl
✗ 3. H_2
✗ 4. O_2

Q.18 হাইড্রায় কোরকদগমের সময় কোরক বড় হওয়ার পর কী ঘটে?

Ans
✗ 1. এটি পুনরায় জনিত্ জীবদেহের সাথে মিশে যায়
✗ 2. এটি মূল কাণ্ডের সাথে যুক্ত থাকে
✓ 3. এটি বিচ্ছিন্ন হয়ে নতুন স্বাধীন জীবরূপে পরিগণিত হয়
✗ 4. এটি টিকে থাকার জন্য রেণুতে রূপান্তরিত হয়

blackbook

Q.19 প্রদত্ত ক্রমে প্রশ্নবোধক চিহ্ন (?) এর স্থানে কী বসবে?

193 180 167 154 141 128 ?

Ans

✗ 1. 113

✗ 2. 111

✗ 3. 118

✓ 4. 115

Q.20 একটি সমবাহু ত্রিভুজের পরিব্যাসার্ধ 26 cm হলে, ত্রিভুজটির অন্তর্ব্যাসার্ধ কত?

Ans

✗ 1. 26 cm

✓ 2. 13 cm

✗ 3. 52 cm

✗ 4. 8 cm

Q.21 সক্রিয়তা শ্রেণি কী নির্দেশ করে?

Ans

✗ 1. গ্যাসগুলোর ঘনত্বের ক্রম অনুযায়ী বিন্যাস

✓ 2. ধাতুগুলোর সক্রিয়তার ক্রম অনুযায়ী বিন্যাস

✗ 3. লবণগুলোর দ্রাব্যতার ক্রম অনুযায়ী বিন্যাস

✗ 4. অ্যাসিডগুলোর তীব্রতার ক্রম অনুযায়ী বিন্যাস

Q.22 দশম শ্রেণির A এবং B দুটি সেকশন বিশিষ্ট একটি স্কুলে, সেকশন X A-এর বিজ্ঞানের গড় নম্বর হল 76 এবং সেকশন X B-এর গড় নম্বর হল 71 । সেকশন X A এবং X B এর বিজ্ঞানের নম্বরের ভেদমান (variance) হল যথাক্রমে 2.16 এবং 5.16 । যদি সেকশন X A-তে 22 জন শিক্ষার্থী এবং সেকশন X B-তে 28 জন শিক্ষার্থী থাকে, তবে ওই স্কুলের দশম শ্রেণির সকল শিক্ষার্থীর বিজ্ঞানের নম্বরের সম্মিলিত ভেদমান (variance) নির্ণয় করুন।

Ans

✗ 1. 7

✓ 2. 10

✗ 3. 3.84

✗ 4. 3.66

Q.23 প্রদত্ত ক্রমের প্রশ্নবোধক চিহ্নটির (?) এর স্থানে কী বসবে?

4 8 11 15 25 29 ?

Ans

✗ 1. 63

✗ 2. 66

✓ 3. 53

✗ 4. 56

Q.24 ভারতীয় সংবিধানের কোন অনুচ্ছেদটি সংবিধানের প্রারম্ভে নাগরিকত্ব প্রদান করে?

Ans

✗ 1. অনুচ্ছেদ 16

✗ 2. অনুচ্ছেদ 26

✓ 3. অনুচ্ছেদ 5

✗ 4. অনুচ্ছেদ 6

Q.25 প্রদত্ত দুটি সেটের প্রতিটিতে, প্রথম সংখ্যার উপর নির্দিষ্ট গাণিতিক কার্যক্রম(সমূহ) সম্পাদন করলে দ্বিতীয় সংখ্যাটি পাওয়া যায়। একইভাবে, দ্বিতীয় সংখ্যার উপর নির্দিষ্ট গাণিতিক কার্যক্রম(সমূহ) সম্পাদন করলে তৃতীয় সংখ্যাটি পাওয়া যায় এবং এইভাবে সেটের বাকি সংখ্যাগুলিও পাওয়া যায়। প্রদত্ত বিকল্পগুলির মধ্যে কোনটি প্রদত্ত সেটগুলির মতো অনুরূপ গাণিতিক কার্যক্রম(সমূহ) অনুসরণ করে?
(দ্রষ্টব্য: গাণিতিক কার্যক্রম(সমূহ) সম্পাদন করার জন্য, দুই বা তিন অঙ্ক বিশিষ্ট কোনো সংখ্যাকে তার উপাদান অঙ্কসমূহে বিভাজিত করা যাবে না। অর্থাৎ, যদি 37 এর পরে 10 থাকে, তাহলে 37 এর ক্ষেত্রে 3 + 7 গাণিতিক কার্যক্রমটি সম্পাদন করা যাবে না, কারণ দুই অঙ্ক বিশিষ্ট কোনো সংখ্যাকে তার উপাদান অঙ্কসমূহে বিভাজিত করা অনুমোদিত নয়।)
4 - 14 - 24 - 34 ; 10 - 20 - 30 - 40

Ans
- ✔ 1. 32 - 42 - 52 - 62
- ✘ 2. 5 - 10 - 20 - 30
- ✘ 3. 17 - 37 - 47 - 57
- ✘ 4. 39 - 49 - 59 - 79

Q.26 Divide ₹26,600 into three parts in such a way that half of the first part, one-fourth of the second part and one-eighth of the third part are equal. Find the first part (in ₹).

Ans
- ✔ 1. 3,800
- ✘ 2. 3,700
- ✘ 3. 3,900
- ✘ 4. 3,600

Q.27 অরবিন্দ একটি পণ্য ₹x দিয়ে কেনে। সে পণ্যটি 16% ক্ষতিতে বীরুর কাছে বিক্রি করে। বীরু সেটির পরিবহন বাবদ ₹159 খরচ করে এবং তারপর 56% লাভে পণ্যটি মিনুর কাছে বিক্রি করে। মিনু যদি পণ্যটি ₹1,755 দিয়ে কিনে থাকে, তবে x এর মান কত?

Ans
- ✘ 1. 1,100
- ✔ 2. 1,150
- ✘ 3. 1,125
- ✘ 4. 1,075

Q.28 কৌশল 32 km/h গতিবেগে 6 ঘণ্টা 45 মিনিট যাত্রা করে। সমান দূরত্ব 3 ঘণ্টায় অতিক্রম করতে হলে, তাকে কত গতিবেগে (km/h এককে) যাত্রা করতে হবে?

Ans
- ✔ 1. 72
- ✘ 2. 74
- ✘ 3. 68
- ✘ 4. 70

Q.29 ইংরাজি বর্ণমালার ক্রম অনুযায়ী CARRYABLE শব্দটির প্রতিটি স্বরবর্ণকে (vowel) তার পরবর্তী দ্বিতীয় বর্ণ দিয়ে এবং প্রতিটি ব্যঞ্জনবর্ণকে (consonant) তার পূর্ববর্তী দ্বিতীয় বর্ণ দিয়ে প্রতিস্থাপন করা হল। এইভাবে গঠিত নতুন বর্ণগুচ্ছে কোন বর্ণটি ঠিক দু'বার উপস্থিত থাকবে?

Ans
- ✘ 1. Z
- ✘ 2. W
- ✔ 3. P
- ✘ 4. G

Q.30 কোন বৈশিষ্ট্যগত পরিবর্তনের মাধ্যমে লিটমাস দ্রবণ, কোনো জলীয় পদার্থ অম্লীয় না ক্ষারকীয়, তা শনাক্ত করতে পারে?

Ans
- ✘ 1. গ্যাস নির্গমন অম্লীয় বা ক্ষারকীয় প্রকৃতি নিশ্চিত করে।
- ✔ 2. অম্লীয় এবং ক্ষারকীয় দ্রবণে রঙ ভিন্নভাবে পরিবর্তিত হয়।
- ✘ 3. নির্দেশকের বিক্রিয়ার সময় তাপমাত্রার পরিবর্তন ঘটে।
- ✘ 4. কেবল অম্লীয় দ্রবণে বৈদ্যুতিক পরিবাহিতা বৃদ্ধি পায়।

Black book

Q.31 একটি মাধ্যমের তাপমাত্রা বৃদ্ধি পেলে, মাধ্যমটিতে শব্দের দ্রুতির (speed) কী পরিবর্তন হয়?

Ans

✗ 1. অপরিবর্তিত থাকে

✗ 2. প্রথমে হ্রাস পায়, তারপর বৃদ্ধি পায়

✓ 3. বৃদ্ধি পায়

✗ 4. হ্রাস পায়

Q.32 ভারত সরকার কর্তৃক বেছে নেওয়া শহর ও নগরগুলিতে মৌলিক পরিকাঠামো উন্নয়নের লক্ষ্যে অটল মিশন ফর রিজুভেনেশন অ্যান্ড আরবান ট্রান্সফরমেশন (AMRUT) কত সালে চালু করা হয়েছিল?

Ans

✗ 1. 2018

✗ 2. 2024

✓ 3. 2015

✗ 4. 2021

Q.33 ইংরাজি বর্ণানুক্রম অনুসারে, NOPS একটি নির্দিষ্ট পদ্ধতিতে RSTW এর সঙ্গে সম্পর্কিত। অনুরূপ পদ্ধতি অনুসারে JKLO সম্পর্কিত NOPS এর সঙ্গে। অনুরূপ পদ্ধতি অনুসরণ করে DEFI নিচের কোন বিকল্পটির সঙ্গে সম্পর্কিত?

Ans

✓ 1. HIJM

✗ 2. HJIP

✗ 3. HHIM

✗ 4. HIIM

Q.34 দ্বি-প্রতিস্থাপন বিক্রিয়ায় নিচের কোনটি ঘটে?

Ans

✗ 1. শুধুমাত্র সদৃশ পরমাণুর সংযোজন

✗ 2. একটিমাত্র নতুন যৌগ গঠন

✓ 3. বিক্রিয়কগুলোর মধ্যে আয়নের বিনিময়

✗ 4. পদার্থ থেকে অক্সিজেনের অপসারণ

Q.35 একটি বড় হলের দেয়ালগুলো খালি এবং ছাদ শক্ত। বক্তা কথা বলা থামিয়ে দেওয়ার পরেও কিছুক্ষণ শব্দের রেশ থেকে যাওয়ায় সেখানে স্পষ্টভাবে কথা শুনতে পাওয়া কঠিন হয়ে পড়ে। এর সবচেয়ে সম্ভাব্য কারণ কী?

Ans

✓ 1. শক্ত পৃষ্ঠতল থেকে শব্দের একাধিক প্রতিফলনের ফলে অনুরণন সৃষ্টি হয়।

✗ 2. বক্তার গলার স্বরের প্রাবল্যমাত্রা খুব কম।

✗ 3. বদ্ধ জায়গায় শব্দ সঠিকভাবে চলাচল করতে পারে না।

✗ 4. হলের ভেতরে শব্দের দ্রুতি হ্রাস পায়।

Q.36 পরিব্যক্তির ফলে একটি উদ্ভিদ কোশের সমস্ত সক্রিয় প্লাস্টিড নষ্ট হয়ে যায়। কোশটির ক্ষেত্রে নিচের কোনটি ঘটার সম্ভাবনা সবচেয়ে বেশি?

Ans

✗ 1. কোশটি বিভাজন নিয়ন্ত্রণ করতে পারে না

✗ 2. কোশটি জল নির্গমন নিয়ন্ত্রণ করতে পারে না

✗ 3. কোশটি প্রোটিন সংশ্লেষণ করতে পারে না

✓ 4. কোশটি খাদ্য সংশ্লেষণ করতে পারে না

Q.37 কোন উক্তিটি মাইটোসিস ও মিয়োসিস মধ্যে সঠিক পার্থক্য নির্দেশ করে?

Ans

✗ 1. মাইটোসিস চারটি কোশ সৃষ্টি করে, অন্যদিকে মিয়োসিস দুটি কোশ সৃষ্টি করে

✗ 2. মাইটোসিস জিনগত বৈচিত্র্য বৃদ্ধি করে, অন্যদিকে মিয়োসিস অভিন্ন কোশ তৈরি করে

✓ 3. মাইটোসিস একরূপ কোশ তৈরি করে, অন্যদিকে মিয়োসিস জিনগত বৈচিত্র্যযুক্ত কোশ সৃষ্টি করে

✗ 4. মাইটোসিস ক্রোমোজোমের সংখ্যা হ্রাস করে, কিন্তু মিয়োসিস তা করে না

Q.38 খেলো ইন্ডিয়া উইন্টার গেমস 2026 এ, মধ্যপ্রদেশের উদ্রেকা সিং কোন ইভেন্টে স্বর্ণপদক জিতেছিলেন?

Ans

✗ 1. ফিগার স্কেটিং (Figure Skating)

✗ 2. আলপাইন স্কিইং (Alpine Skiing)

✗ 3. স্নোবোর্ডিং (Snowboarding)

✓ 4. আইস স্কেটিং – লং ট্র্যাক 500m (Ice Skating – Long Track 500m)

Q.39 12 একটি নির্দিষ্ট পদ্ধতিতে 100 এর সঙ্গে সম্পর্কিত। অনুরূপ পদ্ধতি অনুসারে 17 সম্পর্কিত 145 এর সঙ্গে। অনুরূপ পদ্ধতি অনুসরণ করে 24 নিচের কোন বিকল্পটির সঙ্গে সম্পর্কিত? (দ্রষ্টব্য: সংখ্যাগুলিকে তাদের উপাদান অঙ্কে বিভাজিত না করে অখণ্ড সংখ্যার উপরেই সকল কার্যক্রম সম্পাদন করতে হবে। যেমন 13 এর ক্ষেত্রে, 13 এর উপরেই যাবতীয় কার্যক্রম সম্পাদন করতে হবে। অর্থাৎ, 13 এর সঙ্গেই যোগ/বিয়োগ/গুণ ইত্যাদি করতে হবে কিন্তু 13 কে তার উপাদান অঙ্ক 1 এবং 3 এ বিভাজিত করে তারপর 1 এবং 3 এর উপর কোনোপ্রকার গাণিতিক কার্যক্রম সম্পাদন করা যাবে না।)

Ans

✗ 1. 232

✗ 2. 224

✓ 3. 208

✗ 4. 216

Q.40 2024 সালের 9 ফেব্রুয়ারি বার্ষিক 5% সুদের হারে ₹6,000 জমা করা হল এবং 2024 সালের 10 এপ্রিল তা তুলে নেওয়া হল। সরল সুদের পরিমাণ (₹ তে) নির্ণয় করুন। সুদ গণনা করার জন্য, জমা দেওয়ার তারিখটি বাদ দিন এবং অর্থরাশি তোলার তারিখটি অন্তর্ভুক্ত করুন। অধিবর্ষ (লিপ ইয়ার) 2024 সালের প্রকৃত দিন সংখ্যা ব্যবহার করুন।

Ans

✗ 1. 49

✓ 2. 50

✗ 3. 48

✗ 4. 51

Q.41 একজন গবেষক একটি আর্দ্র বনের পচনশীল কাঠের উপর জীবের বৃদ্ধি পর্যবেক্ষণ করেন। তাদের ক্লোরোফিল থাকে না এবং তারা স্পোরের মাধ্যমে প্রজনন সম্পন্ন করে। এই জীবগুলি কোন গোষ্ঠীর অন্তর্ভুক্ত?

Ans

✓ 1. ছত্রাক

✗ 2. ব্যাকটেরিয়া

✗ 3. উদ্ভিদ

✗ 4. প্রোটোজোয়া

Q.42 নিচের রৈখিক সমীকরণতন্ত্রটি সমাধান করে x, y এবং z এর মান নির্ণয় করুন।
$x - 2y + 3z = 49;\ x - 6y - 4z = 8;\ 2x - 3y - z = 12$

Ans

✗ 1. (x, y, z) = (10, −5, −7)

✓ 2. (x, y, z) = (10, 5, −7)

✗ 3. (x, y, z) = (10, 5, 7)

✗ 4. (x, y, z) = (−10, 5, 7)

Q.43 R, S, T, U, G, H এবং I একটি বৃত্তাকার টেবিলকে ঘিরে কেন্দ্রের দিকে মুখ করে বসে আছে। G বসে আছে U এর ঠিক ডানদিকে। G এর বাম দিক থেকে গণনা করলে G এবং R এর মাঝখানে মাত্র তিনজন ব্যক্তি বসে আছে। আবার I এর ডান দিক থেকে গণনা করলে U এবং I এর মাঝখানে মাত্র তিনজন ব্যক্তি বসে আছে। S বসে আছে H এর ঠিক ডানদিকে। H এর ডান দিক থেকে গণনা করলে U এবং H এর মাঝখানে কতজন বসে আছে?

Ans

✓ 1. এক

✗ 2. চার

✗ 3. তিন

✗ 4. দুই

Q.44 যদি 8টি সংখ্যার সমষ্টি 72 হয়, তবে তাদের গড় কত?

Ans
✗ 1. 8
✗ 2. 12
✓ 3. 9
✗ 4. 10

Q.45 মোট 99 জন ব্যক্তি উত্তর দিকে মুখ করে একটি সারিতে দাঁড়িয়ে আছেন। সোনু বাম প্রান্ত থেকে 6ষ্ঠ এবং পিকু ডান প্রান্ত থেকে 67তম স্থানে আছেন। সোনু ও পিকুর মাঝে কতজন ব্যক্তি আছেন?

Ans
✗ 1. 23
✗ 2. 27
✓ 3. 26
✗ 4. 29

Q.46 যদি 'A' এর অর্থ '÷' হয়, 'B' এর অর্থ 'x' হয়, 'C' এর অর্থ '+' হয় এবং 'D' এর অর্থ '-' হয়, তাহলে নিচের সমীকরণে প্রশ্নবোধক চিহ্নটির (?) স্থানে কী বসবে?
77 A 11 C 17 B 13 D 72 =?

Ans
✗ 1. 174
✓ 2. 156
✗ 3. 168
✗ 4. 160

Q.47 প্রদত্ত ক্রমটি দেখুন এবং নিচের প্রশ্নের উত্তর দিন।
(বামদিক) M P V L V T # + $ Ω N U λ L M F * B V Y E (ডানদিক)
যদি ক্রমটি থেকে সকল চিহ্নকে বাদ দেওয়া হয়, তাহলে নিচের কোনটি ডানদিক থেকে ষষ্ঠ স্থানে থাকবে?

Ans
✗ 1. F
✓ 2. M
✗ 3. U
✗ 4. L

Q.48 একটি নির্দিষ্ট সাংকেতিক ভাষায়,
'rose lily lotus' কে লেখা হয় 'rt ka mn' হিসাবে,
'lotus jasmine tulip' কে লেখা হয় 'pq dx rt' হিসাবে এবং
'tulip rose orchid' কে লেখা হয় 'ka yz dx' হিসাবে।
(সকল সংকেত কেবল দু'টি বর্ণ বিশিষ্ট।)

এই সাংকেতিক ভাষায় orchid কে কীভাবে লেখা হয়?

Ans
✓ 1. yz
✗ 2. ka
✗ 3. dx
✗ 4. pq

Q.49 ক্লোরিনের আপেক্ষিক পারমাণবিক ভর হল 35.5, যদিও ক্লোরিনের কোনো পরমাণুরই ভর ঠিক এই মানের সমান নয়। নিচের কোন উক্তিটি এই বিষয়টি সবচেয়ে ভালোভাবে ব্যাখ্যা করে?

Ans
✓ 1. ক্লোরিন পরমাণুসমূহ ভিন্ন ভরের সমস্থানিকের মিশ্রণ হিসেবে প্রকৃতিতে অবস্থান করে
✗ 2. ক্লোরিন পরমাণুতে ভগ্নাংশ সংখ্যার প্রোটন থাকে
✗ 3. তাপমাত্রার পরিবর্তনের সাথে ক্লোরিনের পারমাণবিক ভর পরিবর্তিত হয়
✗ 4. যৌগ গঠনের সময় ক্লোরিন পরমাণুর ভর হ্রাস পায়

blackboard

Q.50 থাইল্যান্ড উপসাগরে অবস্থিত ভিয়েতনামের কোন রিসর্ট দ্বীপটি, পর্যটকদের নিরাপত্তা ও জরুরি সাড়াদান (emergency response) সংক্রান্ত একটি বড় ঘটনার কারণে 2026 সালের জুলাই মাসে আন্তর্জাতিক সংবাদমাধ্যমে উঠে এসেছিল?

Ans
- ✗ 1. পেনাং দ্বীপ (Penang Island)
- ✓ 2. ফু কুক দ্বীপ (Phu Quoc Island)
- ✗ 3. সেবু দ্বীপ (Cebu Island)
- ✗ 4. বালি দ্বীপ (Bali Island)

Q.51 ছয় বছর আগে কুনাল ও সাগরের বয়সের অনুপাত 6:5 ছিল। এখন থেকে চার বছর পর তাদের বয়সের অনুপাত 11:10 হবে। তাদের বর্তমান বয়সের পার্থক্য (বছরে) কত?

Ans
- ✗ 1. 3
- ✗ 2. 4
- ✓ 3. 2
- ✗ 4. 5

Q.52 যদি MENTHOL শব্দটির প্রতিটি বর্ণকে ইংরাজি বর্ণানুক্রম অনুসারে সাজানো হয়, তাহলে এ'ভাবে গঠিত নতুন বর্ণ-গুচ্ছটিতে বামদিক থেকে দ্বিতীয় বর্ণ এবং ডানদিক থেকে দ্বিতীয় বর্ণের মাঝে ইংরাজি বর্ণমালায় কতগুলি বর্ণ থাকবে?

Ans
- ✗ 1. 5
- ✗ 2. 7
- ✓ 3. 6
- ✗ 4. 9

Q.53 একটি লিফটের সাহায্যে একটি কন্টেইনারকে উল্লম্বভাবে ওপরের ফ্লোরে তোলা হলো। এর মহাকর্ষীয় স্থিতিশক্তির পরিবর্তনকে কোন উক্তিটি সঠিকভাবে বর্ণনা করে?

Ans
- ✗ 1. লিফটটি ফ্লোরগুলোর মধ্যে কত দ্রুত চলাচল করছে তার ওপর স্থিতিশক্তি নির্ভর করে
- ✗ 2. স্থিতিশক্তি অপরিবর্তিত থাকে কারণ কন্টেইনারটি ওপরের ফ্লোরে গিয়ে থেমে যায়
- ✓ 3. স্থিতিশক্তি mgh পরিমাণ বৃদ্ধি পায়, যেখানে m হলো ভর, g হলো অভিকর্ষজ ত্বরণ এবং h হলো অর্জিত উল্লম্ব উচ্চতা
- ✗ 4. লিফটটি ওপরের দিকে ওঠার সম্পূর্ণ সময় জুড়ে কেবল স্থিতিশক্তি বৃদ্ধি পায়

Q.54 কোন বক্তব্যটি একটি যৌগের অণুগুলিকে সবচেয়ে ভালো বর্ণনা করে?

Ans
- ✗ 1. এগুলো কেবল এক ধরনের পরমাণুর পারস্পরিক বন্ধনে গঠিত হয়।
- ✗ 2. এগুলো সর্বদা ঠিক দুটি পরমাণুর পারস্পরিক বন্ধনে গঠিত হয়।
- ✗ 3. এগুলি বিভিন্ন পরমাণুর একটি ভৌত মিশ্রণ, যা রাসায়নিকভাবে বন্ধনে আবদ্ধ নয়।
- ✓ 4. এগুলির মধ্যে বিভিন্ন পরমাণু রাসায়নিকভাবে বন্ধনে আবদ্ধ থাকে।

Q.55 পূর্বঘাটের সর্বোচ্চ শৃঙ্গ, যা জিন্দাগড়া (Jindhagada) বা আরমা কোন্ডা (Arma Konda) নামেও পরিচিত, সেটি কোন রাজ্যে অবস্থিত?

Ans
- ✓ 1. অন্ধ্রপ্রদেশ
- ✗ 2. কর্ণাটক
- ✗ 3. ওড়িশা
- ✗ 4. তামিলনাড়ু

Q.56 400 N ওজন বিশিষ্ট A বালিকা, 20 সেকেন্ডে 8 m উচ্চতায় ওঠে। আবার 400 N ওজন বিশিষ্ট B বালিকা, সম উচ্চতায় উঠতে 50 সেকেন্ড সময় নেয়। ওই দু'জন বালিকার ব্যয়িত ক্ষমতার পার্থক্য কত?

Ans
- ✗ 1. 160 W
- ✓ 2. 96 W
- ✗ 3. 128 W
- ✗ 4. 64 W

Q.57 15-km এর একটি দৌড় প্রতিযোগিতায়, দৌড়বিদ A এবং দৌড়বিদ B একই স্থান থেকে একই সময়ে এবং সমান অভিমুখে দৌড়ানো শুরু করে। 6 km দৌড়ানোর পর A জুতোর সমস্যার কারণে 3 মিনিটের জন্য থামে, কিন্তু B থামে না। থামা সত্ত্বেও A, B-এর চেয়ে 90 সেকেন্ড আগে দৌড় শেষ করে। A যদি B কে 1,200 মিটারের হেড-স্টার্ট দিত এবং উভয়ই না থেমে দৌড়াত, সেক্ষেত্রেও A 40 সেকেন্ড আগে দৌড় শেষ করত। উভয়ই সর্বদা নির্দিষ্ট গতিতে দৌড়াচ্ছে ধরে নিয়ে, দৌড়টি যাতে টাই (tie) হয়, তারজন্য A কর্তৃক B কে ন্যূনতম কত মিটারের (নিকটতম পূর্ণসংখ্যায়) হেড-স্টার্ট দিতে হবে?

Ans
✔ 1. 1409 m
✘ 2. 1490 m
✘ 3. 1404 m
✘ 4. 1405 m

Q.58 এমন প্রথম দশটি স্বাভাবিক সংখ্যা (10 এর চেয়ে বড়) চয়ন করুন যাদের 7 দ্বারা ভাগ করা হলে প্রতিক্ষেত্রে 6 ভাগশেষ থাকে। এই সংখ্যাগুলির গড় নির্ণয় করুন।

Ans
✘ 1. 33.7
✘ 2. 52.4
✘ 3. 28.6
✔ 4. 44.5

Q.59 যথাক্রমে 6 cm, 8 cm এবং 10 cm ব্যাসার্ধ বিশিষ্ট তিনটি ধাতব গোলককে গলিয়ে একটি নিরেট গোলক তৈরি করা হল। নতুন গঠিত গোলকটির পৃষ্ঠতলের ক্ষেত্রফল নির্ণয় করুন।

Ans
✘ 1. $586\pi \text{ cm}^2$
✘ 2. $605\pi \text{ cm}^2$
✘ 3. $548\pi \text{ cm}^2$
✔ 4. $576\pi \text{ cm}^2$

Q.60 $(81)^{\frac{3}{4}}$ এর মান কত?

Ans
✘ 1. 9
✘ 2. 3
✔ 3. 27
✘ 4. 81

Q.61 A এবং B একটি ব্যবসায় 3 : 8 অনুপাতে বিনিয়োগ করে। বছরের শেষে মোট লাভের 20% দাতব্য কাজে দান করা হয় এবং অবশিষ্ট লাভ A ও B এর মধ্যে তাদের বিনিয়োগের অনুপাতে ভাগ করে দেওয়া হয়। A যদি তার অংশ হিসেবে ₹2028 পায়, তবে ব্যবসা থেকে অর্জিত মোট লাভের পরিমাণ (₹ এ) নির্ণয় করুন।

Ans
✔ 1. 9295
✘ 2. 9145
✘ 3. 9245
✘ 4. 9345

Q.62 G is the father of O. O is the brother of T. R is the father of S. S is the son of T. How is G related to S?

Ans
✘ 1. Father
✘ 2. Son
✘ 3. Mother's brother
✔ 4. Mother's father

Q.63 যদি কোনো গাড়ি সমান সময়ের ব্যবধানে (equal intervals of time) সমান দূরত্ব অতিক্রম করে, তবে তার দূরত্ব-সময় গ্রাফ একটি _____ হবে।

Ans
✘ 1. বক্ররেখা
✘ 2. জিগ-জ্যাগ রেখা
✘ 3. অনুভূমিক সরলরেখা
✔ 4. সময় অক্ষের সঙ্গে আনত সরলরেখা

Black Book

Q.64 প্রদত্ত প্রশ্নটি নিচে দেওয়া শব্দগুলির ভিত্তিতে তৈরি।
(বামদিক) HIP MIX UGH SET (ডানদিক)
ডানদিক থেকে প্রথম স্থানে থাকা শব্দটির দ্বিতীয় বর্ণ এবং বামদিক থেকে প্রথম স্থানে থাকা শব্দটির দ্বিতীয় বর্ণের মাঝে, ইংরাজি বর্ণমালাতে কতগুলি বর্ণ আছে?

Ans
✗ 1. 6
✗ 2. 2
✗ 3. 4
✓ 4. 3

Q.65 AB এবং CD পরস্পর সমান্তরাল। PQ একটি ছেদক, যা AB ও CD কে যথাক্রমে E ও F বিন্দুতে ছেদ করে এবং ∠PEB = 47° হয়। G হল AB ও CD এর মধ্যবর্তী এমন একটি বিন্দু, যাতে ∠BEG = 22° এবং ∠GFE = 21° হয়। তাহলে, ∠EGF এর পরিমাপ কত?

Ans
✗ 1. 39°
✗ 2. 52°
✓ 3. 48°
✗ 4. 57°

Q.66 M, N, O, X, Y এবং Z একটি বিল্ডিংয়ের ছ'টি ভিন্ন ফ্লোরে বাস করে। বিল্ডিংয়ের সবচেয়ে নিচের ফ্লোরটিকে 1 নম্বর, তার ঠিক উপরের ফ্লোরটিকে 2 নম্বর এবং এই ক্রমে সর্বোচ্চ ফ্লোরটিকে 6 নম্বর দ্বারা চিহ্নিত করা হয়।
কেবল দু'জন ব্যক্তি বাস করে Y এবং O এর মাঝে। কেবল N বাস করে X এর উপরে। M একটি জোড় সংখ্যাযুক্ত ফ্লোরে বাস করে। Y বাস করে সবচেয়ে নিচের ফ্লোরে।
Z এবং N এর মাঝে কতজন ব্যক্তি বাস করে?

Ans
✗ 1. তিন
✗ 2. চার
✗ 3. এক
✓ 4. দুই

Q.67 ইংরাজি বর্ণানুক্রম অনুসারে, JMRB একটি নির্দিষ্ট পদ্ধতিতে FINX এর সঙ্গে সম্পর্কিত। অনুরূপ পদ্ধতি অনুসারে NYQT সম্পর্কিত JUMP এর সঙ্গে। অনুরূপ পদ্ধতি অনুসরণ করে KSCL নিচের কোন বিকল্পটির সঙ্গে সম্পর্কিত?

Ans
✗ 1. FNXG
✗ 2. HPZI
✓ 3. GOYH
✗ 4. IQAK

Q.68 নিচে একটি প্রশ্ন এবং তারপরে (I) এবং (II) সংখ্যাযুক্ত দু'টি বিবৃতি দেওয়া হয়েছে। আপনাকে নির্ধারণ করতে হবে যে প্রশ্নটির উত্তর দেওয়ার জন্য বিবৃতিতে প্রদত্ত তথ্যসমূহ যথেষ্ট কিনা। বিবৃতিগুলি অধ্যয়ন করে সবচেয়ে উপযুক্ত উত্তরটি চয়ন করুন।
প্রশ্ন:
D, G, I, K এবং T এই 5টি লাঠির মধ্যে, প্রতিটি ভিন্ন উচ্চতা বিশিষ্ট। কোন লাঠিটি সবচেয়ে খাটো?
বিবৃতি:
(I) I কেবল দুটি লাঠির চেয়ে লম্বা। D হল I এর চেয়ে খাটো এবং G হল D এর চেয়ে খাটো।
(II) K হল T এর চেয়ে লম্বা।

Ans
✗ 1. বিবৃতি II তে প্রদত্ত তথ্য এককভাবে প্রশ্নটির উত্তর দেওয়ার জন্য যথেষ্ট, কিন্তু বিবৃতি I এ প্রদত্ত তথ্য যথেষ্ট নয়।
✗ 2. বিবৃতি I এবং বিবৃতি II তে প্রদত্ত তথ্য যৌথভাবে (বিবৃতি I অথবা বিবৃতি II এককভাবে নয়) প্রশ্নটির উত্তর দেওয়ার জন্য যথেষ্ট।
✗ 3. বিবৃতি I এবং বিবৃতি II তে প্রদত্ত তথ্য যৌথভাবেও প্রশ্নটির উত্তর দেওয়ার জন্য যথেষ্ট নয়।
✓ 4. বিবৃতি I এ প্রদত্ত তথ্য এককভাবে প্রশ্নটির উত্তর দেওয়ার জন্য যথেষ্ট, কিন্তু বিবৃতি II তে প্রদত্ত তথ্য যথেষ্ট নয়।

Q.69 নিম্নলিখিত অঞ্চলগুলির মধ্যে কোনটিতে সবচেয়ে কম এলাকা জুড়ে সূর্যের রশ্মি পৌঁছায়?

Ans
✗ 1. উত্তরাঞ্চল
✗ 2. মেরু অঞ্চল
✗ 3. নাতিশীতোষ্ণ অঞ্চল
✓ 4. নিরক্ষীয় অঞ্চল

pagebook

Q.70 কোন ক্রমটি একটি নিউরনের মধ্য দিয়ে তড়িৎস্পন্দনের গতিপথ সঠিকভাবে বর্ণনা করে?

Ans
✗ 1. অ্যাক্সন থেকে ডেনড্রাইট হয়ে কোশদেহ
✓ 2. ডেনড্রাইট থেকে কোশদেহ হয়ে অ্যাক্সন
✗ 3. কোশদেহ থেকে ডেনড্রাইট হয়ে অ্যাক্সন
✗ 4. কোশদেহ থেকে অ্যাক্সন হয়ে ডেনড্রাইট

Q.71 মান নির্ণয় করুন।
$3[\sin^4 A - \cos^4 A + 1]\operatorname{cosec}^2 A + 2$

Ans
✓ 1. 8
✗ 2. 0
✗ 3. 5
✗ 4. 3

Q.72 **In a certain code language,**
'A ^ B' means 'A is the father of B',
'A ≠ B' means 'A is the son of B',
'A ≥ B' means 'A is the wife of B' and
'A @ B' means 'A is the brother of B'.
Based on the above, how is P related to X if 'P @ Q ≠ V ^ W ≥ X'?

Ans
✗ 1. Daughter's husband
✗ 2. Brother
✓ 3. Wife's brother
✗ 4. Husband

Q.73 একটি বিদ্যালয় একবার ব্যবহারযোগ্য পণ্য বা ডিসপোজেবলের প্রতি পরিবর্তিত মনোভাবের পরিবেশগত প্রভাব সম্পর্কে একটি সচেতনতা কর্মসূচির আয়োজন করার সিদ্ধান্ত নিয়েছে। এই সমস্যাগুলো কার্যকরভাবে মোকাবিলা করার জন্য তাদের কোন সমাধানটি বেছে নেওয়া দরকার?

Ans
✗ 1. সচেতনতামূলক কর্মসূচি ছাড়াই শুধুমাত্র জৈব বিয়োজ্য প্যাকেজিংয়ের ওপর গুরুত্ব দেওয়া
✗ 2. বর্জ্য ফেলার জায়গার পরিমাণ বাড়ানো এবং পুনর্ব্যবহার উপেক্ষা করা
✗ 3. শুধুমাত্র একবার ব্যবহারযোগ্য প্লাস্টিকের ব্যবহারকে উৎসাহিত করা
✓ 4. পুনরায় ব্যবহারযোগ্য পণ্যের প্রচার করা এবং বর্জ্য পৃথকীকরণ সম্পর্কে সচেতনতা গড়ে তোলা

Q.74 মানব স্ত্রী দেহে, ডিম্বাণু নিষিক্ত না হলে জরায়ুর অভ্যন্তরীণ প্রাকারের কী ঘটে?

Ans
✗ 1. এটি জাইগোটে পরিণত হয়
✓ 2. এটি খসে পড়ে এবং দেহ থেকে বেরিয়ে যায়
✗ 3. এটি জরায়ুতে পুরু অবস্থায় থেকে যায়
✗ 4. এটি রক্তে শোষিত হয়ে যায়

Q.75 একটি বিজ্ঞান পরীক্ষাগারে একটি ঘূর্ণায়মান টার্নটেবলের দুই পাশে দু'টি মার্বেল রাখা আছে। টেবিলটিকে হঠাৎ থামিয়ে দেওয়া হল। ঘূর্ণায়মান টেবিলটি থেমে যাওয়ার ঠিক পরে মার্বেলগুলোর গতি কেমন হবে, তা নিচের কোন বিকল্পটি সবচেয়ে ভালোভাবে নির্দেশ করে?

Ans
✗ 1. টেবিলের নতুন অবস্থানের সঙ্গে সামঞ্জস্য রাখতে মার্বেলগুলো অবিলম্বে দিক পরিবর্তন করে।
✗ 2. টেবিল থামার সঙ্গে সঙ্গেই মার্বেলগুলো টেবিলের কেন্দ্রের দিকে সরাসরি গড়িয়ে যায়।
✗ 3. ঘর্ষণের কারণে মার্বেলগুলি অবিলম্বে সম্পূর্ণভাবে থেমে যায়।
✓ 4. মার্বেলগুলো তাদের জড়তার কারণে স্পর্শক বরাবর চলতে থাকে।

Q.76 পেশির কার্যকারিতার জন্য স্নায়ুকলার প্রয়োজন হয় কেন?

Ans
✗ 1. পেশি মস্তিষ্কের কার্যকলাপ নিয়ন্ত্রণ করে
✗ 2. পেশি একাই প্রতিক্রিয়াগুলোর সমন্বয় সাধন করে
✗ 3. পেশি তাদের সংকেত নিজেই তৈরি করে
✓ 4. পেশি স্নায়ু থেকে সংকেত গ্রহণ করে

black

Q.77 ম্যাগনেসিয়াম এবং অ্যালুমিনিয়ামের মতো অত্যন্ত সক্রিয় ধাতুগুলিকে তাদের আকরিক থেকে নিষ্কাশিত করতে কার্বন ব্যবহার করা হয় না কেন?

Ans
- ✔ 1. এই ধাতুগুলির কার্বনের চেয়ে অক্সিজেনের প্রতি বেশি আসক্তি রয়েছে।
- ✘ 2. কার্বন এই ধাতুগুলির সঙ্গে বিক্রিয়া করে কার্বাইড তৈরি করে।
- ✘ 3. নিষ্কাশনের জন্য ব্যবহৃত কার্বনে উচ্চ তাপমাত্রায় আগুন ধরে যায়।
- ✘ 4. এই ধাতুগুলি প্রাকৃতিকভাবে মুক্ত অবস্থায় পাওয়া যায় এবং নিষ্কাশনের প্রয়োজন হয় না।

Q.78 2027 সালে যে জনগণনাটি অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে, তা ভারতীয় জনগণনার ক্রম অনুযায়ী নিম্নলিখিত কোন নামে পরিচিত হবে?

Ans
- ✘ 1. ভারতের 17তম জনগণনা
- ✘ 2. ভারতের 15তম জনগণনা
- ✘ 3. ভারতের 14তম জনগণনা
- ✔ 4. ভারতের 16তম জনগণনা

Q.79 WTO এর কৃষি সংক্রান্ত চুক্তি (AoA) প্রধানত কোন শ্রেণীর অভ্যন্তরীণ ভর্তুকির উপর বিধিনিষেধ আরোপের মাধ্যমে ভারতীয় খাদ্য নিরাপত্তার ক্ষেত্রে একটি প্রতিবন্ধকতা তৈরি করেছিল?

Ans
- ✔ 1. অ্যাম্বার বক্স সাপোর্ট (Amber Box support)
- ✘ 2. ইয়েলো বক্স অ্যাসিস্ট্যান্স (Yellow Box assistance)
- ✘ 3. ব্লু বক্স পেমেন্টস (Blue Box payments)
- ✘ 4. গ্রিন বক্স সাবসিডিজ (Green Box subsidies)

Q.80 সুধা A বিন্দু থেকে যাত্রা শুরু করে পূর্বদিকে 5 km গাড়ি চালায়। এরপর সে ডানদিকে বাঁক নিয়ে 22 km গাড়ি চালায়। সবশেষে সে বামদিকে বাঁক নিয়ে 4 km গাড়ি চালিয়ে B বিন্দুতে গিয়ে থামে। নমন P বিন্দু থেকে যাত্রা শুরু করে (যা A বিন্দুর 42 km পূর্বে অবস্থিত) এবং পশ্চিমদিকে 8 km গাড়ি চালায়। এরপর সে বামদিকে বাঁক নিয়ে 22 km গাড়ি চালায়। সবশেষে সে ডানদিকে বাঁক নিয়ে 9 km গাড়ি চালিয়ে Q বিন্দুতে গিয়ে থামে। Q বিন্দু এবং B বিন্দুর মধ্যে সর্বনিম্ন দূরত্ব কত? (নির্দিষ্ট করে বলা না থাকলে সমস্ত বাঁক 90 ডিগ্রি ধরে নিতে হবে।)

Ans
- ✘ 1. 17 km
- ✘ 2. 15 km
- ✔ 3. 16 km
- ✘ 4. 14 km

Q.81 অতিরিক্ত নাইট্রেট ও ফসফেটের প্রভাবে জলজ উদ্ভিদের অত্যধিক বৃদ্ধি ঘটলে কোন ধরনের জল দূষণ সৃষ্টি হয়?

Ans
- ✘ 1. বায়োঅ্যাকিউমুলেশন (Bioaccumulation)
- ✘ 2. অম্লীভবন (Acidification)
- ✔ 3. ইউট্রফিকেশন (Eutrophication)
- ✘ 4. অধঃক্ষেপণ (Sedimentation)

Q.82 B, C, V, W, Y, এবং Z প্রত্যেকে আলাদা আলাদা নম্বর পেয়েছে। কেবল দু'জন ব্যক্তির প্রাপ্ত নম্বর Y এর চেয়ে কম। C এর প্রাপ্ত নম্বর B এর চেয়ে বেশি, কিন্তু তাদের দু'জনের মাঝে অন্য কোনো ব্যক্তির নম্বর নেই। কেবল দু'জন ব্যক্তির নম্বর আছে B এবং W এর নম্বরের মাঝে। Z এর প্রাপ্ত নম্বর V এর চেয়ে বেশি। কেউ W এর চেয়ে কম নম্বর পায়নি। কতজন ব্যক্তি V এর চেয়ে বেশি নম্বর পেয়েছে?

Ans
- ✔ 1. চার
- ✘ 2. তিন
- ✘ 3. এক
- ✘ 4. দুই

Q.83 যদি দুটি সংখ্যার অনুপাত 6 : 7 হয় এবং তাদের গসাগু 8 হয়, তবে তাদের লসাগু কত?

Ans
- ✘ 1. 224
- ✘ 2. 280
- ✔ 3. 336
- ✘ 4. 392

blackboard

Q.84 একটি 500 kg ওজনের রকেট ইঞ্জিন চালু হয়ে 10 s ধরে 10,000 N এর একটি ধ্রুবক ঘাত বল প্রদান করে। যদি এর প্রাথমিক বেগ 100 m s^{-1} হয়, তবে অর্জিত অন্তিম বেগ কত হবে? (অভিকর্ষ এবং বায়ুর বাধা উপেক্ষা করুন)।

Ans

✗ 1. 250 m/s

✓ 2. 300 m/s

✗ 3. 200 m/s

✗ 4. 150 m/s

Q.85 প্রদত্ত চারটি বিকল্পের মধ্যে তিনটি, ইংরাজি বর্ণানুক্রম ভিত্তিক নির্দিষ্ট পদ্ধতি অনুসারে অনুরূপ এবং এইভাবে একটি দল গঠন করে। কোন বিকল্পটি সেই দলের অন্তর্গত নয়? [দ্রষ্টব্য: বর্ণ-গুচ্ছে উপস্থিত ব্যঞ্জনবর্ণ (consonant)/ স্বরবর্ণের (vowel) সংখ্যা কিংবা তাদের অবস্থানের উপর ভিত্তি করে ব্যতিক্রমী বিকল্পটিকে নির্ধারণ করা যাবে না।]

Ans

✗ 1. BAE

✗ 2. HGK

✗ 3. CBF

✓ 4. UUX

Q.86 2025 সালের নভেম্বরে, ভারতের প্রধানমন্ত্রী ইমার্জিং সায়েন্স, টেকনোলজি অ্যান্ড ইনোভেশন কনক্লেভ (ESTIC) 2025 এ বেশ কিছু অত্যাধুনিক উদ্ভাবন লঞ্চ করেন। নিচের কোনটি প্রধানমন্ত্রীর দ্বারা উন্মোচিত বিশ্বের প্রথম হিউম্যানাইজড (humanised) CAR-T সেল থেরাপি?

Ans

✗ 1. ImmunoCAR

✗ 2. T-CellX

✓ 3. NexCAR19

✗ 4. CARStriker

Q.87 **In a rural region, an NGO conducted a survey across 30 villages to understand the monthly income distribution of households. The incomes are grouped into ranges as shown in the table below.**

Income Range (In ₹)	Number of Households
0 - 5,000	8
5,001 - 10,000	15
10,001 - 15,000	22
15,001 - 20,000	30
20,001 - 25,000	25
25,001 - 30,000	20
30,001 - 35,000	10

Calculate the modal income (to the nearest integral value of ₹).

Ans

✗ 1. ₹17,965

✓ 2. ₹18,077

✗ 3. ₹18,559

✗ 4. ₹18,000

Q.88 15326748 সংখ্যাটির প্রতিটি অঙ্ককে বামদিক থেকে ডানদিকে ঊর্ধ্বক্রমে সাজানো হ'লে, মূল সংখ্যার তুলনায় নতুন সংখ্যাটিতে কতগুলি অঙ্কের অবস্থান অপরিবর্তিত থাকবে?

Ans

✓ 1. তিনটি

✗ 2. একটি

✗ 3. একটিও নয়

✗ 4. দুইটি

Q.89 মহাত্মা গান্ধীর নেতৃত্বে স্বাধীনতা আন্দোলনের পর্বে, 1922 সালের ফেব্রুয়ারিতে কোন ঘটনাটি অসহযোগ আন্দোলন প্রত্যাহারের সূত্রপাত করেছিল?

Ans
- ✔ 1. চৌরিচৌরার ঘটনা
- ✘ 2. সাইমন কমিশনের আগমন
- ✘ 3. জালিয়ানওয়ালাবাগ হত্যাকাণ্ড
- ✘ 4. ডান্ডিতে লবণ সত্যাগ্রহ

Q.90 "স্বদেশী" আন্দোলনের প্রাথমিক পর্বে (1905 পূর্ববর্তী) এর মূল ভাবনা কী ছিল?

Ans
- ✔ 1. দেশীয় শিল্পের রক্ষণ
- ✘ 2. ধর্মীয় পুনরুজ্জীবনবাদ
- ✘ 3. পূর্ণ স্বরাজের দাবি
- ✘ 4. সকল ব্রিটিশ পণ্য বর্জন

Q.91 রাজস্থানের মাউন্ট আবু পর্বতমালায় অবস্থিত গুরু শিখর, ভারতের প্রাচীনতম ভঙ্গিল পর্বতমালা হিসেবে বিবেচিত কোন পর্বতশ্রেণীর সর্বোচ্চ শৃঙ্গ?

Ans
- ✘ 1. বিন্ধ্য পর্বতশ্রেণী
- ✔ 2. আরাবল্লী পর্বতশ্রেণী
- ✘ 3. পূর্বঘাট
- ✘ 4. সাতপুরা পর্বতশ্রেণী

Q.92 একটি কুইজ অডিটে, শিক্ষার্থীর নির্ভুলতাকে $E=\frac{\text{correct}}{\text{attempted}}$ হিসেবে সংজ্ঞায়িত করা হয়। E ভগ্নাংশটি লঘিষ্ঠ আকারে প্রকাশিত এবং এর হর হয় লব অপেক্ষা 2 বেশি। ড্যাশবোর্ডে, এর অন্যোন্যক মেট্রিকটিকে $R=\frac{\text{attempted}}{\text{correct}}$ হিসাবে দেখানো হয়। সংশোধনের সময়, R এর লব থেকে 3টি অকার্যকর প্রচেষ্টা (invalid attempts) বাদ দেওয়া হয় (অথচ এর হর অপরিবর্তিত থাকে)। দেখা যায় যে, এই সংশোধিত অন্যোন্যক থেকে E বিয়োগ করলে ফলাফল $\frac{1}{15}$ পাওয়া যায়। E এর সম্ভাব্য মানটি নির্ণয় করুন।

Ans
- ✔ 1. 0.6
- ✘ 2. 0.83
- ✘ 3. 0.67
- ✘ 4. 0.57

Q.93 নিচের কোন খারিফ শস্যটি দক্ষিণ-পশ্চিম মৌসুমী বায়ুর আগমনের সঙ্গে সঙ্গে বপন করা হয় এবং শরৎকালে কাটা হয়?

Ans
- ✘ 1. সরিষা
- ✔ 2. চাল
- ✘ 3. ছোলা
- ✘ 4. গম

Q.94 একজন গাড়ি বিক্রেতা একটি গাড়ির মুদ্রিতমূল্য ₹6,75,000 ধার্য করেন। ছাড় দেওয়ার পর, একজন ক্রেতা গাড়িটি ₹6,07,500 তে ক্রয় করেন। প্রদত্ত ছাড়ের শতকরা হার কত ছিল?

Ans
- ✘ 1. 15%
- ✘ 2. 8%
- ✘ 3. 12%
- ✔ 4. 10%

Q.95 একটি পাইপ 24 মিনিটে একটি ট্যাঙ্ক ভর্তি করতে পারে এবং অন্য একটি পাইপ 27 মিনিটে একটি ভর্তি ট্যাঙ্ক খালি করতে পারে। ট্যাঙ্কটি খালি থাকা অবস্থায় যদি দু'টি পাইপকেই একসঙ্গে চালু করা হয়, তবে ট্যাঙ্কটির তিন-চতুর্থাংশ ভর্তি হতে কত মিনিট সময় লাগবে?

Ans
- ✔ 1. 162
- ✘ 2. 171
- ✘ 3. 144
- ✘ 4. 153

Q.96 কোন সাংবিধানিক সংশোধনী, ভারতের রাষ্ট্রপতির জন্য কেবল মন্ত্রিপরিষদের মন্ত্রণায় কাজ করা বাধ্যতামূলক করেছে?

Ans
- ✔ 1. 42তম সংশোধনী
- ✘ 2. 49তম সংশোধনী
- ✘ 3. 24তম সংশোধনী
- ✘ 4. 52তম সংশোধনী

Q.97 গর্ভস্থ ভ্রূণের জন্য পেশীর সাপোর্ট দুর্বল হওয়ার কারণে একজন মহিলার গর্ভাবস্থা পূর্ণ মেয়াদ পর্যন্ত বজায় রাখতে অসুবিধা হচ্ছে। এক্ষেত্রে দেহের কোন অঙ্গটি জড়িত থাকার সম্ভাবনা সবচেয়ে বেশি?

Ans
- ✘ 1. সার্ভিক্স
- ✘ 2. যোনি
- ✘ 3. ডিম্বাশয়
- ✔ 4. জরায়ু

Q.98 $6\sqrt{2}$ cm ব্যাসার্ধ বিশিষ্ট একটি গোলকের আয়তন নির্ণয় করুন।

Ans
- ✘ 1. $574\sqrt{2}\pi$ cm^3
- ✘ 2. $572\sqrt{2}\pi$ cm^3
- ✘ 3. $578\sqrt{2}\pi$ cm^3
- ✔ 4. $576\sqrt{2}\pi$ cm^3

Q.99 সমত্বরণে 10 মিটার/সেকেন্ডে বেগে গতিশীল একটি ট্রেন, 4 সেকেন্ডে 30 মিটার/সেকেন্ড বেগ লাভ করলে, ট্রেনটির ত্বরণ কত?

Ans
- ✘ 1. 2 মিটার/সেকেন্ড^2
- ✘ 2. 8 মিটার/সেকেন্ড^2
- ✘ 3. 10 মিটার/সেকেন্ড^2
- ✔ 4. 5 মিটার/সেকেন্ড^2

Q.100 নিচের কোনটি ফেরিক অক্সাইডের সঠিক রাসায়নিক সংকেত?

Ans
- ✘ 1. Fe_2O_4
- ✘ 2. FeO
- ✔ 3. Fe_2O_3
- ✘ 4. Fe_3O_2

Bigbook